

ইংরেজি প্রথমপত্রের অনুপস্থিতি ৮ হাজার ৫৫৯, বহিষ্কার ১৫২

সাধারণ বিশেষ

উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার শিকারীদের মধ্যে ইংরেজিভিত্তিক কমনি। যোবদর এইচএসসি পরীক্ষায় ইংরেজি প্রথমপত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে কয়েক বছরের মধ্যে একাই সর্বোচ্চ পরীক্ষার্থী অনুপস্থিত ছিল এবং নকলগুলির অভিযোগে বহিষ্কৃত হয়েছে ১৫২ জন। এখিকে ১৮ দলীয় জোট হরতাল ডাকার বিপক্ষে পড়েছে পরীক্ষার্থীরা। পরীক্ষার সূচি অনুঘাটী, মঙ্গলবার ইংরেজি দ্বিতীয়পত্র পরীক্ষা হওয়ার কথা রয়েছে। তবে হরতালের কারণে পরীক্ষা পেছাতে পারে। আজ দুপুরে এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে বলে জানিয়েছেন ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ডাঃসিদ্দিক বেগম।

জানা গেছে, ত্রমণত হরতালে বিপর্যস্ত শিক্ষা কার্যক্রম। চলতি শিক্ষাবছর শুরু পর থেকে রাজনৈতিক কর্মসূচির কারণে শিক্ষাপ্রতিষ্ঠানে বেশিরভাগ দিন ক্লাস হয়নি। ক্লাস বন্ধের পাশাপাশি একের পর এক পরীক্ষা পেছাতে বাধ্য হয়েছে কর্তৃপক্ষ। হরতালে এ বছর সবচেয়ে বেশি কটির শিকার হয় ২০১০ সালের এসএসসি ও সমমানের ১৩ লক্ষাধিক পরীক্ষার্থী। পরীক্ষা চলাকারীন সময় হরতালসহ পরীক্ষা তত্ত্বগ্ৰস্ত হয়, এমন কর্মসূচি না দিতে সব রাজনৈতিক দল এবং সংগঠনের প্রতি অনুরোধ জানান শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ।

এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে পড়কাল সাধারণ বোর্ডে ইংরেজি প্রথমপত্রের পরীক্ষায় নকলের অভিযোগে ১৫২ জন শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। আর ইংরেজি পরীক্ষায় অংশ নেয়নি এই বোর্ডগুলোর ৭ হাজার ৫৮ জন পরীক্ষার্থী। সাধারণ বোর্ডে নকলের অভিযোগে বহিষ্কার হয়েছে ১১০ জন। অন্যদিকে, মন্ত্রাসা ও কারিগরি বোর্ডে অনুপস্থিত ছিল ১ হাজার ৪৪১ জন আর বহিষ্কার হয়েছে ৪২ জন। সব কটি বোর্ড মিলে অনুপস্থিত ছিল ৮ হাজার ৫৫৯ জন, বহিষ্কার হয়েছে ১৫২ জন। ৮টি সাধারণ শিক্ষা বোর্ডে ইংরেজি

প্রথমপত্র, মন্ত্রাসা বোর্ডে আসিমে ইংরেজি-প্রথমপত্র কারিগরি বোর্ডে কম্পিউটার ও অফিস ব্যবস্থাপনা বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়। শিক্ষা মন্ত্রণালয়ের কেন্দ্রীয় পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষ থেকে জানানো হয়েছে, ঢাকা বোর্ডে ২ হাজার ২১ জন, কুমিল্লা বোর্ডে ৭৭১, যশোর বোর্ডে ১ হাজার ১০২, রাজশাহী বোর্ডে ১ হাজার ৬২, চট্টগ্রাম বোর্ডে ৭০৯, সিলেট বোর্ডে ৩৮০, দিনাজপুর বোর্ডে ৫৫০ এবং বরিশাল বোর্ডে ৪২৬ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়নি। মন্ত্রাসা বোর্ডের অধীনে অনুপস্থিতি ছিল ৩৭২ জন। কারিগরি বোর্ডের অধীনে অনুপস্থিত পরীক্ষার্থী হচ্ছে ১ হাজার ৬৯ জন। বহিষ্কৃত শিক্ষার্থীদের সম্পর্কে নিয়ন্ত্রণ কক্ষ সূত্রে জানা গেছে, সারাদেশের ৮টি বোর্ডে বহিষ্কারের সংখ্যা ১১৩ জন। ঢাকা বোর্ডে ৩৪ জন, কুমিল্লা বোর্ডে ১৭, যশোর বোর্ডে ১২, রাজশাহী বোর্ডে ১২, চট্টগ্রাম বোর্ডে ৫, দিনাজপুর বোর্ডে ৮, বরিশাল বোর্ডে ১৮ এবং সিলেট বোর্ডে ৪ জন। মন্ত্রাসা বোর্ডে ২৩ জন এবং কারিগরি বোর্ডে ১৯ জন শিক্ষার্থী বহিষ্কার হয়েছে।